



স্মারক নং ৩৭.১৬.০০০০.০০৬.৩৪.০০১.১৯-১৬৩২

তারিখ: ০৭.০৭.২০১৯ খ্রি:

বৃত্তি/মেধাবৃত্তি প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধিভুক্ত সকল মাদ্রাসা প্রধানসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্বখাতভুক্ত বৃত্তি/মেধাবৃত্তি খাতে ২০১৮-২০১৯ অর্থবছরে বরাদ্দকৃত অর্থ ৩০ সেক্টম্বর, ২০১৯ তারিখের মধ্যে প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে বিতরণ করা হবে। কাজেই বর্তমানে অধ্যয়নরত বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের প্রতিষ্ঠান প্রধানগণ বৃত্তির টাকা উদ্বোলনের জন্য এতদসংশ্লিষ্ট সংযুক্ত বিল ফরমে (টি আর ফরম নং ৩৩) বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য যথাযথভাবে এন্ট্রি করত: মাদ্রাসা প্রধানের প্রত্যয়ন, জেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের প্রতিশ্রুতির গ্রহণ করতঃ ৩১ জুলাই, ২০১৯ তারিখের মধ্যে নিম্নোক্ত ই-মেইলে প্রেরণ করতে হবে এবং মূল কপি বোর্ডের ঘ-ঘ আঞ্চলিক কার্যালয়ে জমা দিতে হবে। শুধুমাত্র ঢাকা অঞ্চলের (ঢাকা, মানিকগঞ্জ, নারায়ণগঞ্জ, গাজীপুর, নরসিংদী, মুণীগঞ্জ, গোপালগঞ্জ, ফরিদপুর, মাদারীপুর, রাজবাড়ী, শরীয়তপুর জেলাসমূহ) জেলার মাদ্রাসাসমূহের আবেদন বোর্ডের প্রধান কার্যালয়, বখশি বাজার ঢাকায় হিসাব শাখায় জমা দিতে হবে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক গত ২৬/০৫/২০১৯ তারিখের ৩৭.০২.০০০০.১১৭.৩৪.০০১.১৯.১৫৭ সংখ্যক আরকের তামাদী মঞ্জুরীর আদেশ অনুযায়ী তামাদীকৃত বৃত্তির অর্থ একইভাবে বিতরণ করা হবে। উল্লেখ্য, নির্ধারিত তারিখের মধ্যে আবেদন দাখিল করতে ব্যর্থ হলে বৃত্তি প্রদান করা সম্ভব হবে না।

| ই-মেইল এড্রেস | ই-মেইলে যে কাগজ পাঠাতে হবে | আঞ্চলিক কার্যালয়/বোর্ডে যে কাগজ হাতে হাতে জমা দিতে হবে। |
|---------------------------|---|---|
| bmebscholarship@gmail.com | জেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক স্বাক্ষরিত মূল টিআর ৩৩ ফরম এর স্ক্যানকৃত কপি। | ১। জেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক স্বাক্ষরিত মূল টিআর ৩৩ ফরম। ২। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তালিকার কপি। ৩। বৃত্তির বিজ্ঞপ্তির কপি। |

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

(মো: সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮।

প্রাপক

অধ্যক্ষ/সুপার

বোর্ডের অধিভুক্ত সকল মাদ্রাসা

সদয় অবগতি কার্যার্থে অনুলিপি বিতরণঃ

- ১। হিসাব রক্ষণ অফিসার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২। সহকারী পরিদর্শক
আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
মহম্মনসিংহ/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/চট্টগ্রাম/সিলেট/কুমিল্লা অঞ্চল।
- ৩। অফিস নথি।

